

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৫১

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৮৫. মোজার উপরিভাগ ও নিম্নভাগ মাসহ করা।

بَابِ مَا جَاءَ فِي مَسْحِ أَعْلَى الْخُفِّ وَأَسْفَلِهِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُصَفَّى الْحِمْصِيُّ، قَالَ حَدَّثَنَا بَقِيَّةُ، عَنْ جَرِيرِ بْنِ يَزِيدَ، قَالَ حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ، عَنْ جَابِرٍ، قَالَ مَرَّ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم مُنْذِرٌ، حَدَّثِنِي مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ، عَنْ جَابِرٍ، قَالَ مَرَّ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - بِرَجُلٍ يَتَوَضَّا أُورْتَ بِالْمَسْحِ ". وَقَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - بِيَدِهِ هَكَذَا مِنْ أَطْرَافِ الأَصَابِعِ إِلَى أَصْل السَّاقِ وَخَطَّطَ بِالأَصَابِعِ .

#### বাংলা

২/৫৫১। জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যাক্তিকে অতিক্রম করে যাচ্ছিলেন। তখন সে উযূ (ওজু/অজু/অযু) করছিল এবং তার চামড়ার মোজাদ্বয় ধৌত করছিল। তিনি তাকে হাতের ইশারায় নিষেধ করেন এবং বলেনঃ আমাকে মাসহ(মাসেহ) করার নির্দেশ দেয়া হয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর হাত দিয়ে দেখিয়ে বলেনঃ এভাবে আঙ্গুলের মাথা থেকে নলার মূল পর্যন্ত এবং তিনি তাঁর আঙ্গুল দ্বারা রেখা টানেন (পায়ের নলা পর্যন্ত)।

### **English**

It was narrated that Jabir said:

"The Messenger of Allah passed by a man who was performing ablution and washing his leather socks. He gestures with his hand, (and said): 'Rather I have been commanded to wipe them.' The Messenger of Allah gestured with his hand like this, from the tips of the toes to the base of the shin, tracing lines with his fingers."

## ফুটনোট



তাহকীক আলবানী: খুবই দুর্বল। তাখরীজ আলবানী: যঈফ আবূ দাউদ ১৯। উক্ত হাদিসের রাবী ১. মুহাম্মাদ ইবনুল মুসতফা সম্পর্কে আবু হাতিম আর-রাযী ও ইমাম নাসাঈ বলেন, তিনি সত্যবাদী। ইবনু হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ তবে অপরিচিত। ২. জারীর বিন ইয়াযীদ সম্পর্কে আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। ৩. মুন্যীর সম্পর্কে আবু আহমাদ আল হাকিম বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন